

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৮

১৪. মানত ও শপথ অধ্যায় (كتاب النذور والأيمان)

পরিচ্ছেদঃ ৪. যে ব্যক্তি মানত করলো যে, সে বায়তুল মাকদিসে সালাত আদায় করবে, সে যদি মক্কায় (বায়তুল্লাহয়) সালাত আদায় করে, তবে তা কি তার জন্য যথেষ্ট হবে

بَاب مَنْ نَذَرَ أَنْ يُصَلِّيَ فِي بَيْتِ الْمَقْدِسِ أَيْجِزُهُ أَنْ يُصَلِّيَ بِمَكَّةَ

আরবী

حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ حَبِيبِ بْنِ أَبِي بَقِيَّةَ الْمُعَلِّمِ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رِيَّاحٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ رَجُلًا قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي نَذَرْتُ أَنْ فَتَحَ اللَّهُ عَلَيْكَ أَنْ أُصَلِّيَ فِي بَيْتِ الْمَقْدِسِ فَقَالَ صَلَّى هَا هُنَا فَأَعَادَ عَلَيْهِ ثَلَاثَ مَرَّاتٍ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَأْنُكَ إِذَنْ

বাংলা

২৩৭৮. জাবির ইবন আবদিব্লাহ রাঈয়ালাহু আনহু থেকে বর্ণিত। জনৈক ব্যক্তি (মক্কা বিজয়ের বছর) বললো: ইয়া রাসূলুল্লাহ! আমি এরূপ মানত করেছি যে, যদি আল্লাহ আপনাকে মক্কা বিজয় করিয়ে দেন, তবে আমি বায়তুল মাকদিসে গিয়ে দু'রাকআত সালাত আদায় করব। তখন তিনি বললেনঃ “তুমি এখানেই দু'রাকআত সালাত আদায় করে নাও। সে ব্যক্তি তিনবার কথাটির পুনরাবৃত্তি করলে তিনি বলেনঃ “তাহলে এ ব্যাপারে তোমার যা ইচ্ছা কর।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২১১৬, ২২২৪ তে। এছাড়াও, হাকিম ৪/৩০৪-৩০৫; বাইহাকী, আল মারিফাতুস সুনান ওয়াল আছার ১৯৭০৭; ইবনুল জারুদ, আল মুনতাকা নং ৯৪৫। ((আবু দাউদ, আইমান ওয়ান নুযূর নং ৩৩০৫- অনুবাদক।))

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82661>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন